



সামাজিক মাধ্যমে
(মোবাইল ফোন কল,
বার্তা আদান প্রদান,
ইমেইল, মেসেঞ্জার
কিংবা হোয়াটসঅ্যাপ ইত্যাদি)
যোগাযোগের ক্ষেত্রে
গ্রহণযোগ্য আচরণ



Digital
Literacy
Center

তোমার আবার
আজ কী হলো?
মুত অফ কেন?

জানতে হবে না তুমি ফেসবুক
নিয়েই পড়ে থাকো।

ও এজন্য?
তো আমার ফেসবুক
ব্যবহার নিয়ে তোমার
কী সমস্যা।

শোনো,ফেসবুক বা অন্যান্য অনলাইন মাধ্যম
গুলোকে বলা হয় সামাজিক যোগাযোগ মাধ্যম
আমরা যদি সেখানে অসামাজিকতা করি তাহলে
তো সমস্যা হবেই নাকি?

তো এখন
আমি কী
করলাম?

তুমি ইদানীং সামাজিক মাধ্যমে যা
করছো তা সত্যিই অগ্রহনযোগ্য।

কেন
আমি কী
করেছি?

তুমি ফেসবুকে যখন যা ইচ্ছা
হচ্ছে তাই পোস্ট দিচ্ছে।

তাই?
তাহলে মশাই
কী করলে
গ্রহণযোগ্য হবে?

বন্ধু, পরিচিতজন, সহপাঠী,
অফিস কলিগ, আত্মীয়
স্বজন সকলের সাথে
যোগাযোগের ক্ষেত্রে সম্বোধন
একটি গুরুত্বপূর্ণ বিষয়।

তুমি যার সাথে যোগাযোগ করছো
সেই অনুযায়ী সম্বোধন করবে।

মনে রাখবে মেসেঞ্জার, হোয়াটসঅ্যাপ বা
ইমেইলে কারো সাথে যোগাযোগের সময় শুধু
বাংলা বা শুধু ইংরেজী ভাষা ব্যবহার করা উচিত

গুরুত্বপূর্ণ কারো সাথে যোগাযোগের
সময় ভাষার সংক্ষিপ্ত রূপ যেমন LoL,
ASAP এই টাইপের কথা বলা যাবে না।

আমি তো এই
বিষয়গুলো
ভাবিনি!

একটু ভাবো তার আগে শোনো,

ব্যক্তিগত মেসেজ দেয়ার ক্ষেত্রে
সম্মান রেখে কথা বলবে এবং
ফোন দেয়ার আগে প্রয়োজনে
অনুমতি নিবে।

মেসেঞ্জার বা অন্য কোনো
মাধ্যমে সরাসরি কল করার
আগে অনুমতি নিবে।

অপ্রয়োজনীয় ফোন দিবে না।

অফিসিয়াল কাজের ক্ষেত্রে
সামাজিক যোগাযোগ
মাধ্যমের চেয়ে ইমেইল বেশি
উপযুক্ত মাধ্যম।

